



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

গাজীপুর।

Website : www.nubd.info/201

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/অনার্স-১ম বর্ষ (বিশেষ)/২০১৪/৪৪৮৬

তারিখঃ ১০/১১/২০১৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে ২০১৪ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) ব্যবহারিক পরীক্ষা আগামী ১৫/১১/২০১৫ হতে ১৩/১২/২০১৫ তারিখ পর্যন্ত গ্রহণ পূর্বক নম্বর Online-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণের নিয়মাবলী

- ১। ব্যবহারিক পরীক্ষার বহিঃ পরীক্ষকের নাম চিঠির মাধ্যমে সংশ্লিষ্ট কলেজ এবং বহিঃ পরীক্ষককে জানানো হবে। চিঠি না পেলে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে বহিঃ পরীক্ষকের নাম জেনে নিতে হবে।
- ২। বহিঃ পরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যেই পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- ৩। বহিঃ পরীক্ষক অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট শাখায় ফোন নম্বরে যোগাযোগ করে বহিঃ পরীক্ষকের নাম পরিবর্তন করে নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃ পরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ৪। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কলেজভিত্তিক নম্বরপত্র এবং হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/201) থেকে ডাউন লোড করে Print নিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে বহিঃ পরীক্ষক ও অন্তঃ পরীক্ষক নম্বরফর্দে পরীক্ষার্থীদের নাম, রোল এবং রেজিঃ নম্বর যাচাই করে তার বিপরীতে প্রাপ্ত নম্বর প্রদান করবেন। একই সাথে হাজিরা পত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন।
- ৫। সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ শেষে বহিঃ পরীক্ষকের উপস্থিতিতে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে ডাটা এন্ট্রি করতে হবে। নম্বর অন-লাইনে Send করার পূর্বে সকল পরীক্ষার্থীর নম্বর সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে নিতে হবে।
- ৬। ডাটা এন্ট্রি ও অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বর পত্রের Print out নিতে হবে। মূল কপি এবং Print কপিতে বহিঃ পরীক্ষক এবং অন্তঃপরীক্ষক নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। একই সাথে হাজিরা পত্রে প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে বহিঃ ও অন্তঃপরীক্ষক স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরপত্র এবং হাজিরা পত্রে অবশ্যই Absent লিখতে হবে। কোন ঘর কোন অবস্থাতেই খালি রাখা যাবে না।
- ৭। Print out এর একটি কপি বহিঃ পরীক্ষক নিজে সংরক্ষণ করবেন এবং এক কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন। নম্বরপত্রের মূল কপি এবং মূল হাজিরা পত্র নির্ধারিত খামে ভরে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স-১ম বর্ষ শাখা এবং এক কপি Print out পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে ব্যবহারিক নম্বর, বিষয়, বিষয়কোড লিখতে হবে। হাজিরা পত্রের ১টি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে।
- ৮। তালিকায় নাম নাই এমন কোন পরীক্ষার্থীর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যাবে না। যদি কোন বৈধ পরীক্ষার্থীর নাম Print out এ না থাকে তাহলে প্রয়োজনীয় কাগজ এবং প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ডাটায় নাম অন্তর্ভুক্ত করে নিতে হবে।
- ৯। ব্যবহারিক পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজ ছাড়া অন্য কলেজের পরীক্ষার্থী থাকলে পরীক্ষা গ্রহণ করে পৃথক নম্বরফর্দ ও হাজিরাপত্র তৈরি করে পৃথক খামে নিয়মানুযায়ী পাঠাতে হবে। অন-লাইনে নম্বর প্রেরণের জন্য আওতাধীন কলেজের অধ্যক্ষের বরাবরে একটি কপি সীলগালা করে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে অন-লাইনে তাঁর কলেজের পরীক্ষার্থীদের নম্বর প্রেরণ করবেন।
- ১০। ডাটা প্রেরণের ক্ষেত্রে নিজ নিজ কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে প্রেরিত মূল নম্বর পত্র (হাতে এন্ট্রি) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ দায়ী থাকবে।
- ১১। পরিসংখ্যান ব্যবহারিক বিষয়ের প্রশ্নপত্র বহিঃপরীক্ষকের অনুপস্থিতিতে খোলা যাবে না এবং সে অনুযায়ী অনুশীলন করা যাবে না।
- ১২। অনার্স ১ম বর্ষ শাখার ফোন নং- ০২-৯২৯১০৩৯।

বিঃদ্রঃ ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণের পর কোন প্রকার সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন : ০২-৯২৯১০১৭, ফ্যাক্স : ০২-৯২৯১০৪৪

ই-মেইলঃ controller@nu.edu.bd

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/অনার্স-১ম বর্ষ (বিশেষ)/২০১৪/৪৪৮৬

তারিখঃ ১০/১১/২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি, অল্পপতি ও কার্যার্থে :

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ ও সফটওয়্যার প্রদানের ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো)
- ২। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অফিস কপি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন : ০২-৯২৯১০৩৯

ই-মেইলঃ nudc.hpl@gmail.com